শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

আলোর দিশারী

# মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি

মুস্তফাপুর, মাদারীপুর।

ফোন ০৬৬১-৬১৫২১, ৬১২০৩, ০১৯৭১৪৩৪৮৪৬ ই-মেইল:gm.madaripurpbs@yahoo.com

## "নিয়োগ বিজ্ঞপ্তি (নিয়োগ বিজ্ঞপ্তি নং-০১)"

মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নবর্ণিত শূণ্য পদ পূরণের লক্ষ্যে স্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্তে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে নির্ধারিত ফরম এ স্ব-হস্তে লিখিত আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | যোগ্যতা ও অভিজ্ঞতা | বেতন স্কেল | বয়স |
|---|---|---|---|---|
| | ড্রাইভার | প্রার্থীকে সাবলীলভাবে বাংলা লেখা ও পড়াসহ নূন্যতম ইংরেজী শব্দ ও সংখ্যা লিখতে ও পড়তে সক্ষম হতে হবে। প্রার্থীর বৈধ ডাইভিং লাইসেন্স এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে পূনাঙ্গ প্লাস্টিক কার্ড ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর হতে কমপক্ষে ৫ বছর গাড়ী চালনা ও রক্ষণাবেক্ষণের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বিগত ০৩(তিন) বছরের মধ্যে বড় ধরণের কোন দূর্ঘটনা ঘটে নাই মর্মে পূর্ববর্তী নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদনের সহিত দাখিল করতে হবে। প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, নম্র, সুস্বাস্থের অধিকারী ও সন্তোষজনক ব্যক্তিত্বের অধিকারী হতে হবে। | ১৬,৬০০/- হতে ২৯,৯০০/- | প্রার্থীর বয়স আগামী ১৪-০১-২০১৯ ইং তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তাদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শীথিলযোগ্য। তবে এতদ্‌সঙ্গে সনদপত্রের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী ও নিয়মকানুন অনুসরণ করতে হবে। |

**সকল প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী ঃ**

০১। **উক্ত পদে আগ্রহী প্রার্থীগণ মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইড pbs.madaripur.gov.bd হতে আবেদন ফরম (ফরম নং- পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক (আবেদন ফরম ফটোকপি গ্রহণযোগ্য) নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ১৪-০১-২০১৯ ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মুস্তফাপুর, মাদারীপুর এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।** সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদন পত্র গ্রহনযোগ্য হবে না। সরাসরি কোন আবেদনপত্র গৃহীত হবে না। উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহনযোগ্য হবে না।

০২। **আবেদনপত্রের সঙ্গে নিম্মোক্ত কাগজত্রাদি সংযুক্ত করতে হবে ঃ**

(ক) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান বা ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত জাতীয়তা ও চারিত্রিক সনদপত্র।
(খ) সাম্প্রতিককালে তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
(গ) শিক্ষগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
(ঙ) ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।
(চ) অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।
(ছ) প্রার্থী কর্তৃক আবেদন পত্রের সহিত জেনারেল ম্যানেজার, মাদারীপুর পবিস এর অনুকুঁলে যে কোন তফসিলী ব্যাংক হতে ২০০/= (দুইশত) টাকার পে-অর্ডার প্রদান করতে হবে।

০৩। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

০৪। নিয়োগকালে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানগণের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা সংরক্ষণ করা হবে। তবে সে ক্ষেত্রে আবেদনপত্রের সাথে সরকারী নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

০৫। ইতঃপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী কারও উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

২ এর পাতায়

০৬। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ দেওয়া হবে। অন-প্রবেশনে কর্মরত থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন, সন্তোষজনক কর্মমূল্যায়ন এবং পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক হওয়া সাপেক্ষে চাকুরী নিয়মিত করা যেতে পারে।

০৭। জেলা কোটার প্রাপ্যতা অনুসারে শুধুমাত্র ঢাকা, গাজীপুর, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, জামালপুর, কিশোরগঞ্জ, নেত্রকোনা, ময়মনসিংহ, টাংগাইল, চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, রাংগামাটি, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, লক্ষীপুর, বগুড়া, দিনাজপুর, পঞ্চগড়, ঠাকুরগাঁও, পাবনা, সিরাজগঞ্জ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, গাইবান্ধা, লালমনিরহাট, কুড়িগ্রাম, নীলফামারী, চুয়াডাঙ্গা, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে ধারাবাহিকভাবে নিয়োগে কোন জেলা কোটা পূর্ণ হলে উক্ত জেলার আবেদনকারীর আবেদন বিবেচনা করা হবে না।

অত্র সমিতির ভৌগলিক এলাকা অর্থাৎ মাদারীপুর সদর, রাজৈর, কালকিনি ও শিবচর উপজেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৮। মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতির এলাকা পরিচালক/ মহিলা পরিচালক এবং সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর বা তাদের স্বামী/স্ত্রীর সহিত রক্ত সম্পর্কীয় প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৯। অসম্পূর্ন /বিলম্বে প্রাপ্য আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

১০। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

১১। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

29.12.18

**জেনারেল ম্যানেজার**
মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মুস্তফাপুর, মাদারীপুর।